**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণের বিজ্ঞপ্তি আজ জারি করা হয়েছে।**

**(২) লোকসভা নির্বাচনে পূর্ব ত্রিপুরা আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিজেপি প্রার্থী মহারানী কৃতি সিং দেব্বর্মা আজ ধলাই জেলা শাসক সাজু ওয়াহিদ এর কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।**

**(৩) পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে সব কয়জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে ।**

**(৪) টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় সংহতি ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে ।**

************************************************

**ECI :**

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণের বিজ্ঞপ্তি আজ জারি করা হয়েছে। এই পর্বে ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮টি লোকসভা আসনের পাশাপাশি আউটার মণিপুরের একটি আসনের ১৩টি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে ভোট নেয়া হবে আগামী ২৬শে এপ্রিল। কেরলের ২০টি আসন, কর্ণাটকের ১৪টি

আসন, রাজস্থানের ১৩টি আসন, উত্তরপ্রদেশ ও মহারাষ্ট্রের আটটি আসন, মধ্যপ্রদেশের সাতটি আসন, আসাম ও বিহারে পাঁচটি আসন, পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ের তিনটি করে আসন এবং মণিপুর, ত্রিপুরা এবং জম্মু ও কাশ্মীরে একটি করে আসন এই দ্বিতীয় দফায় ভোট হবে।

মনোনয়নপত্র দাখিল করা যাবে ৪ঠা এপ্রিল পর্যন্ত। জম্মু ও কাশ্মীর বাদে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে ৫ এপ্রিল। জম্মু ও কাশ্মীরে পরীক্ষা করা হবে ৬ এপ্রিল।

****************************

**Election-2nd Phase :**

লোকসভা নির্বাচনে পূর্ব ত্রিপুরা আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিজেপি প্রার্থী মহারানী কৃতি সিং দেব্বর্মা আজ ধলাই জেলা শাসক সাজু ওয়াহিদ এর কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, তিপ্রা মথা প্রধান প্রদ্যোৎ বিক্রম মানিক্য দেব্বর্মা প্রমুখ।

*****************************

**Nomination scrutiny :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে সব কয়জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। আজ স্ক্রুটিনির পর রিটার্নিং অফিসার ডা: বিশাল কুমার একথা জানান। বৈধ প্রার্থীরা হলেন বিজেপির বিপ্লব কুমার দেব, ইন্ডিয়া জোট সমর্থিত

কংগ্রেসের আশিস কুমার সাহা, বহুজন মুক্তি পার্টির ব্রজলাল দেবনাথ, রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া- (এ) র আইনজীবী অর্ণব রায়, এস ইউ সি আই (সি) র অরুণ ভৌমিক, আমরা বাঙালীর গৌরী শংকর নন্দী, ও নির্দল প্রার্থী মিলন পদ মুড়া সিং, রমেন্দ্র রিয়াং ও বলরাম দেববর্মা।

এদিকে, রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রতন দাস ও বিজেপি প্রার্থী দীপক মজুমদারের মনোনয়নপত্রও আজ স্ক্রুটিনির পর বৈধ বলে বিবেচিত হয়েছে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ৩০শে মার্চ।

*****************************

**BJP-Rally :**

মোহনপুর বিধানসভার রাঙ্গামুড়ায় আজ এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। সভায় বিজেপি নেতা তথা বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেন, গোটা দেশের সঙ্গে রাজ্যেও মানুষ নিজের অভিজ্ঞতা থেকে ভোট দেবেন। উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারম্যান রাকেশ দেব।

***************************

**BJP Camping-South :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব আজ বিলোনিয়া শহরে একটি রোড শোতে অংশ নেন। দলীয় কর্মী - সমর্থকরা প্রার্থীকে নিয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। বিজেপি প্রার্থী শ্রী দেব আজ শান্তিরবাজার

বিধানসভা কেন্দ্রের বীরচন্দ্রনগরে একটি নির্বাচনী সভায়ও বক্তব্য রাখেন। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, বিজেপির দক্ষিন জেলা সভাপতি শংকর রায় প্রমুখ।

***********************************

**CPIM-Rally :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ইন্ডিয়া জোটের প্রার্থীদের সমর্থনে গনতান্ত্রিক নারী সমিতি সদর বিভাগীয় কমিটির উদ্যোগে আগরতলায় এক রেলি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সি পি আই এম রাজ্য কমিটির সদস্যা রমা দাস সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*******************************

**CPIM Camping-South :**

রাজ্যের দুইটি লোকসভা আসনে ইন্ডিয়া ব্লকের প্রার্থীদের সমর্থনে আজ সিপিআইএমের উদ্যোগে বিলোনিয়ায় এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। সভায় বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ন কর, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক বাসুদেব মজুমদার, বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত ও প্রাক্তন বিধায়ক সুধন দাস প্রমুখ বক্তব্য রাখেন।

********************************

**Arrival of Observer :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের কাজকর্ম পর্যবেক্ষণ করতে নির্বাচন

কমিশনের পাঁচজন পর্যবেক্ষক রাজ্যে এসেছেন। এদের মধ্যে দুই জন সাধারণ পর্যবেক্ষক, দুই জন পুলিশ পর্যবেক্ষক এবং একজন ব্যয় পর্যবেক্ষক। সাধারণ পর্যবেক্ষকরা হলেন বিবেক এল. ভীমনওয়ার ও ভূপেশ চৌধুরী, পুলিশ পর্যবেক্ষক রাম কুমার ও ড. আর. শিব কুমার এবং ব্যয় পর্যবেক্ষক প্রদীপ শর্মা।

*****************************

**MCMC-Unakoti :**

আসন্ন অষ্টাদশ লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ কৈলাশহরস্থিত ঊনকোটি জেলার জেলা শাসকের অফিস কক্ষে মিডিয়া সার্টিফিকেশন ও মনিটরিং কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে সভাপতিত্ব করেন, জেলা নির্বাচন আধিকারিক তথা ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বৈঠকে মিডিয়া সার্টিফিকেশন এর বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশিকা, করনীয় বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। আজকের বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসকদ্বয় দশরথ দেববর্মা ও অর্ঘ্য সাহা প্রমুখ।

*************************

**Bike Rally-Unakoti :**

পুলিশ প্রশাসনের উদ্যোগে আজ ঊনকোটি জেলার পেঁচারথলে এক বাইক রেলি সংঘটিত হয়। পেঁচারথল স্কুল মাঠ থেকে এই রেলি শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জানগির, অতিরিক্ত পুলিশ সুপার ভি, দারলং প্রমুখ।

কুমারঘাটের S.D.P.O কমল দেববর্মা জানান, আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে জনমনে আস্থা ও ভরসা বাড়াতে এই বাইক রেলি'র আয়োজন। পুলিশ ও T.S.R এর দেড় শতাধিক জওয়ান এই বাইক রেলিতে অংশ নেন বলে S.D.P.O জানিয়েছেন।

******************************

**Congress :**

নির্বাচনী বন্ড নিয়ে শাসক দলের বিরুদ্ধে সমালোচনায় সরব হলেন প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা। আজ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি অভিযোগ করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী থাকাকালীন ২০১৮ সালে প্রয়াত অরুণ জেটলি নির্বাচনী বন্ডের কথা ঘোষণা করেছিলেন। এর ফলে কোনও ব্যক্তি বা কর্পোরেট সংস্থা রাজনৈতিক দলগুলিকে চাঁদা দিতে চাইলে, এসবিআই থেকে বন্ড কিনে সংশ্লিষ্ট দলকে দিতে পারবে। রাজনৈতিক দলগুলি নির্দিষ্ট অ্যাকাউন্টে সেই বন্ড ভাঙিয়ে নিতে পারবে। কিন্তু কে, কত টাকা দিচ্ছেন, তা বোঝা যাবে না। শ্রী সাহা বলেন নির্বাচনী বন্ড চালু হওয়ার পর বিষয়টির স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠেছিল। তাদের দাবি, কেন্দ্র এবং অধিকাংশ রাজ্যে ক্ষমতায় থাকার সুবাদে বিভিন্ন কোম্পানী থেকে নির্বিবাদে অর্থ আমদানি করে চলেছে বিজেপি শিবির। এরই পরিপ্রেক্ষিতে যুব কংগ্রেস শীঘ্রই সিবিআই কার্যালয় ঘেরাও করবে বলে জানান তিনি।

**************************

**Training of Polling personnel :**

সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার ভোটকর্মীদের প্রথম পর্বের প্রশিক্ষণ  আজ অনুষ্ঠিত হয়। সোনামুড়া টাউন হলে এই মহড়ায় মহকুমার অন্তর্গত মোট ৪টি বিধানসভা কেন্দ্রের বিভিন্ন স্তরের ভোটকর্মীরা এই প্রশিক্ষণে অংশগ্রহন করেন। মোট ২ জন জেলা পর্যায়ের প্রশিক্ষক সুব্রত দেবনাথ ও সঞ্জীব কুমার পাল কর্মীদের প্রশিক্ষণ প্রদান করেন। সোনামুড়া মহকুমা শাসক অরূপ দেব জানিয়েছেন মোট ১৪০০ ভোটকর্মী এতে অংশগ্রহন করেছেন। মোট ৩টি পর্বে হবে এই প্রশিক্ষণ। আজ অনুরূপ একটি প্রশিক্ষন কর্মসূচি হয় বিশালগড় টাউন হলে। এতে বিশালগড় মহকুমার ৩টি বিধানসভা কেন্দ্রের ভোটকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

******************************

**District Level Meeting on Poll preparation :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়ালের পৌরাহিত্যে আজ বিলোনিয়া সার্কিট হাউসে দক্ষিণ জেলার নির্বাচনী প্রস্তুতি নিয়ে এক  পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলা পুলিশ সুপার অশোক কুমার সিনহা, ৩ মহকুমা শাসক ও মহকুমা পুলিশ আধিকারিক, বিএসএফ সহ কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর পদস্থ আধিকারিকগন উপস্থিত ছিলেন। নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে বৈঠকে যাবতীয় প্রস্তুতির পর্যালোচনা করা হয়। তাছাড়া রোদ ও বৃষ্টির কথা মাথায় রেখে ভোটগ্রহণ কেন্দ্রগুলির সামনে অস্হায়ী শেড নির্মান ও বিদ্যুৎ ও জলের ব্যবস্থায় নিশ্চিত করার জন্য বৈঠকে মুখ্যনির্বাচনী আধিকারিক পরামর্শ দেন।

*******************************

**Kumari, Madhuti, Rupshree 75th martyrdom day :**

উপজাতি গণমুক্তি পরিষদ ও গণতান্ত্রিক নারী সমিতির উদ্যোগে আজ খোয়াইয়ের পদ্মবিলে তিন বীরাঙ্গনা কুমারী, মধুতী ও রূপশ্রীর ৭৫ তম মৃত্যুদিন উদযাপন করা হয়। রাজতন্ত্র অবসানের পর তিতুন প্রথা উচ্ছেদের সংগ্রামে ১৯৪৯ সালের ২৮শে মার্চ খোয়াইয়ের পদ্মবিলে সেনাদের গুলিতে মৃত্যুবরণ করেছিলেন এই তিন বীরাঙ্গনা। আজ সকালে পদ্মবিলে প্রয়াতদের স্মৃতিতে নির্মিত সৌধে ফুল মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন উপজাতি গণমুক্তি পরিষদের কেন্দ্রীয় কমিটির সহ- সভাপতি রঞ্জিত দেববর্মা ও সহ- সম্পাদক পদ্ম কুমার দেববর্মা।পরে সি পি আই এমের খোয়াই জেলা কার্য্যালয়েও এই তিন নারীর প্রতি শ্রদ্ধা জানান সি পি ই এম রাজ্য কমিটির সদস্য তথা বিধায়ক নির্মল বিশ্বাস, ডি ওয়াই এফ আই -' এর রাজ্য কমিটির সভাপতি পলাশ ভৌমিক, কৃষক নেতা আলয় রায় সহ অন্যান্যরা।

***************************

**CPIM :**

সিপিআইএম রাজ্য কমিটির উদ্যোগে কুমারী, মধুতি ও রুপশ্রীর মৃত্যুদিন উপলক্ষে আজ মেলার মাঠ দশরথ স্মৃতিভবনে অনুষ্ঠান হয়। তিনজন প্রয়াতার প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধার্ঘ নিবেদন করেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, নারী নেত্রী রমা দাস সহ সিপিআইএম নেতৃবৃন্দ। পরে এই দিনটির তাৎপর্য তুলে ধরে সিপিআইএম রাজ্য সম্পাদক বলেন

আজ থেকে ৭৫ বছর আগে সামন্ততান্ত্রিক শাসনের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে মারা যান এই তিন বীরঙ্গনা নারী।

**************************

**Compensation-Sonamura :**

সোনামুড়া মহকুমায় সাম্প্রতিক কালবৈশাখী ঝড় ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিপূরণ প্রদানের কাজ শুরু করেছে। ক্ষতিগ্রস্তরা তাদের ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে এই টাকা সরাসরি পেয়ে যাচ্ছেন। সোনামুড়ার মহকুমা শাসক অরূপ দেব আজ আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধিকে এসংবাদ জানান। তিনি জানান, আগামী ২-৩ দিনের মধ্যে ক্ষতিগ্রস্ত সংশ্লিষ্ট সবাই ক্ষতিপূরণের টাকা পেয়ে যাবেন। মহকুমা প্রশাসনের তথ্য অনুযায়ী সোনামুড়া মহকুমায় সাম্প্রতিক ঝড় বৃষ্টিতে ২২৭৬টি পরিবারের ঘরবাড়ি আংশিক ও ৭৫টি পরিবারের ঘরবাড়ি বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। মহকুমা শাসক জানিয়েছেন ক্ষতিগ্রস্ত সমস্ত পরিবারকে ক্ষতিপূরণ দিতে গিয়ে প্রায় ১ কোটি টাকা ব্যয় হতে পারে। SDRF ফান্ড থেকে এই ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে। এর বাইরেও জেলা শাসকের তরফে আরো ৫০ লক্ষ টাকা পাওয়া গেছে। শিলাবৃষ্টি ও ঝড়ে যাদের কাঁচা ঘরের ক্ষতি হয়েছে তারা ৪০০০ টাকা ও যাদের পাকা ঘরের ক্ষতি হয়েছে তারা ৬ হাজার ৫০০ টাকা করে ক্ষতিপূরণ পাচ্ছেন বলে সোনামুড়ার মহকুমা শাসক জানান।

********************************

**Super Division :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় সংহতি ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। শেষে ম্যাচে হেরে গেলেও এই আসরে মোট ১০টি ম্যাচ থেকে সংহতি ২৮ পয়েন্ট সংগ্রহ করে খেতাব পায়। আজ নিজেদের দশম ম্যাচে নরসিংগড়ের পিটিএ মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ১৬২ রানে সংহতি ক্লাবকে পরাজিত করে। ফলে স্ফুলিঙ্গ ক্লাব ১০ খেলায় ২৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে। আগামীকাল দুটি ম্যাচের পর রানার্সের বিষয়টি চূড়ান্ত হবে।

****************************

**State wise 13 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় বিশালগড় ও উদয়পুর সেমিফাইনালে উঠেছে। আসরের কোয়ার্টার ফাইনালে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে বিশালগড় ৩ উইকেটে ধর্মনগরকে এবং নেপকো মাঠে উদয়পুর ১৭ রানে খোয়াইকে পরাজিত করে। আগামী ৩০ মার্চ আসরের দুটি সেমিফাইনাল এবং ১ এপ্রিল ফাইনাল ম্যাচ হবে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ তেত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল বত্রিশ দশমিক আট ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত

ভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।

***************************